**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 11. 04. 2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling : NBR**
**DEO : KB** **NR : NBR**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ চাকরী হারাদের সঙ্গে বৈঠকের পর শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, আইনী পরামর্শ নিয়ে যোগ্য অযোগ্যদের তালিকা প্রকাশ করা হবে। # অন্যদিকে, বৈঠকে নিজেদের কথা বিস্তারিতভাবে তুলে ধরেন চাকরিহারা শিক্ষকরা।

২/ সংশোধিত ওয়াকফ আইন প্রত্যাহারের দাবীতে আজ'ও কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় প্রতিবাদ বিক্ষোভের জেরে জনজীবন বিপর্যস্ত। # মুর্শিদাবাদের সুতি ও সামশেরগঞ্জ এলাকায় আজ মিছিল থেকে পুলিশকে লক্ষ্য করে গুলি ও বোমাবাজির ঘটনায় সাজুর মোড় এলাকা উত্তাল হয়ে ওঠে।

৩/ রেড রোডে, হনুমান জয়ন্তী পালনের জন্য হিন্দু সেবাদল সংগঠনের আবেদন, কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে।

৪/ রাজ্যের প্রাক্তন মন্ত্রী আব্দুর রেজ্জাক মোল্লা প্রয়াত।

৫/ IPL ক্রিকেটে টসে জিতে কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংসকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

****************************************************************************

আইনের পরামর্শ নিয়ে যোগ্য অযোগ্যদের তালিকা প্রকাশ করা হতে পারে বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। আজ বিকাশ ভবনে যোগ্য শিক্ষক ও শিক্ষা কর্মী অধিকার মঞ্চের ১৩ জনের প্রতিনিধি দলের সঙ্গে দীর্ঘ বৈঠক করেন শিক্ষামন্ত্রী। আড়াই ঘন্টার বেশি বৈঠক চলে।পরে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, তালিকা প্রকাশের জন্য আইনি পরামর্শ নেওয়া হচ্ছে।

অন্যদিকে, বৈঠকে নিজেদের কথা বিস্তারিতভাবে তুলে ধরেন চাকরি হারানো শিক্ষকরা। বৈঠক শেষে বেরিয়ে প্রতিনিধিদলের আহ্বায়ক মেহবুব মন্ডল বলেন, এখনই তাঁরা স্বস্তি পেয়েছেন বলা যাবে না। যতদিন না সুপ্রিম কোর্ট থেকে তারা ন্যায় বিচার পাচ্ছেন ততদিন আন্দোলনের রাস্তাতেই থাকবেন বলে জানিয়েছেন চাকরি হারানো শিক্ষকরা। প্রতিনিধি দলের তরফেও জানানো হয়, যে আগামী সোমবার ২১ তারিখের মধ্যে যোগ্য অযোগ্যের তালিকা SSC প্রকাশ করবে বলে তাঁদের জানানো হয়েছে। অন্যদিকে কসবার ঘটনায় বহিরাগতদের যোগ আছে বলে কলকাতা পুলিশ যে দাবি করেছে তা খারিজ করে দিয়েছেন যোগ্য শিক্ষকরা। মেহবুবের দাবি, তারা সংযতভাবে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। সরকারি সম্পত্তিতে হাত দেননি।

( বাইট- টিচার)

*******************

কসবার ডি আই অফিসে চাকরীহারা শিক্ষক-শিক্ষাকর্মীদের কর্মসূচীতে বহিরাগতরাও ছিলেন বলে কলকাতা পুলিশ জানিয়েছে। আজ পুলিশের শীর্ষ স্থানীয় আধিকারিকরা এক সাংবাদিক বৈঠক ডাকেন। উপস্থিত ছিলেন পুলিশ কমিশনার মনোজ ভার্মা, জয়েন্ট CP ক্রাইম রূপেশ কুমার এবং DCSSD বিদিশা কলিতা। CP মনোজ ভার্মা বলেন, শিখকদের কথা মাথায় রেখেই উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়েছিল, কিন্তু পরিস্থিতি যে হিংসাত্মক হয়ে উঠবে, তা’ অনুমান করা যায়নি। বহিরাগত কারা ছিল, তা’ তদন্ত করে দেখা হচ্ছে। অন্যদিকে, জয়েন্ট CP ক্রাইম রূপেশ কুমার জানান, পুলিশ প্রথম থেকেই শান্তিপূর্ণভাবে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করে। কিন্তু বাধ্য হয়ে পুলিশকে বল প্রয়োগ করতে হয়। ১৩ জন পুলিশ কর্মী ঐদিন জখম হয়েছেন। প্ররোচনা রুখতেই পুলিশের এই পদক্ষেপ বলে তিনি উল্লেখ করেন।

( বাইট- রূপেশ কুমার )

অন্যদিকে, কসবার ডি আই অফিসে চাকরীহারা শিক্ষক-শিক্ষাকর্মীদের কর্মসূচীতে বহিরাগতরাও ছিলেন বলে কলকাতা পুলিশের দাবিকে অস্বীকার করেছেন শিক্ষকরা। তাঁদের সঙ্গে মিটিং-এর পর ব্রাত্য বসু বলেন-

( বাইট- ব্রাত্য )

*******************

সংশোধিত ওয়াকফ আইন প্রত্যাহারের দাবীতে আজ'ও কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় প্রতিবাদ বিক্ষোভের জেরে জনজীবন বিপর্যস্ত হয়ে যায়।

মুর্শিদাবাদ থেকে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন, সুতি ও সামশেরগঞ্জ এলাকায় আজ মিছিল থেকে পুলিশকে লক্ষ্য করে গুলি ও বোমাবাজির ঘটনায় সাজুর মোড় এলাকা উত্তাল হয়ে ওঠে। পুলিশের গুলিতে তিনজন আন্দোলনকারী জখম হয়েছেন। তাঁদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। এদিকে, পরিস্থিতি সামাল দিতে মালদা সেক্টর থেকে BSF জওয়ানদের এলাকায় মোতায়েন করা হচ্ছে। জানা গেছে, আজ বিকেলে ওই দুই এলাকার সহস্রাধিক মানুষ ওয়াকফ আইন বিরোধী মিছিল বের করে। এলাকায় ১৬৩ধারা জারি থাকায় মিছিল ১২নং জাতীয় সড়কে উঠতেই পুলিশ বাধা দেয়। তখনই অগ্নিগর্ভ হয়ে ওঠে পরিস্থিতি। অভিযোগ মিছিল থেকেই ছোঁড়া হয় গুলি, বোমা। পাল্টা পুলিশ কাঁদানে গ্যাসের শেল ফাটায়, তাড়া করে ছত্রভঙ্গ করার চেষ্টা করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে মালদা ও ফারাক্কা থেকে অতিরিক্ত বাহিনী আনা হয়েছে। এখনো এলাকা অগ্নিগর্ভ। জাতীয় সড়কের পাশের গ্রামগুলিতে মন্দির সহ বাসিন্দাদের বাড়িতে ভাঙচুর চালানো হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

বিশেষ পরিস্থিতির কথা চিন্তা করে সুতি থানার দায়িত্বে আনা হয়েছে আলিপুরদুয়ারের অতিরিক্ত পুলিশ সুপার অসীম খানকে। তাঁর সঙ্গে থাকছেন সাইবার ক্রাইম থানার আই সি প্রসূন মিত্র। অন্যদিকে, রঘুনাথগঞ্জ থানার দায়িত্বে রয়েছেন এস পি আনন্দ রায় স্বয়ং। গতকাল প্রশাসনের পক্ষ থেকে ইমাম ও ধর্মগুরুদের সঙ্গে এক বৈঠকে এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখার আবেদন জানানো হয়।

অন্যদিকে, দক্ষিণ ২৪ পরগনার আমতলায় আজ ওয়াকফ ইস্যুতে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। বিক্ষোভকারীরা ১১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করলে ব্যাপক যানজট

সৃষ্টি হয়। বিক্ষোভের মাঝেই আচমকা কয়েকজন পুলিশের গাড়িতে ভাঙচুর চালায় বলে অভিযোগ।

উত্তর ২৪ পরগণার **বনগাঁ**-য় আজ সংখ্যালঘু সম্প্রদায়ের পক্ষ থেকে বিক্ষোভ মিছিল বের হয়। তাঁদের অভিযোগ, সংশোধিত ওয়াকফ আইনে তাঁদের মৌলিক অধিকার লঙ্ঘিত হয়েছে।

আলিয়া বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা মিছিল করে **পার্ক সার্কাস** সেভেন পয়েন্ট ক্রসিং-এর দিকে এগোতে গেলে, পুলিশ তাদের আটকে দেয়। সেখানেই অবরোধ শুরু করলে, বিশাল পুলিশ বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

*******************

এদিকে, ওয়াকফ (সংশোধনী) আইন নিয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আগামী ১৬'ই এপ্রিল মৌলবী, ইমাম ও মোয়াজ্জেমদের সঙ্গে বৈঠকে বসবেন। নেতাজি ইনডোর স্টেডিয়ামে প্রস্তাবিত ওই বৈঠকে মুখ্যমন্ত্রী সংশোধিত ওয়াকফ আইন নিয়ে তাদের বক্তব্য শুনবেন।

এপ্রসঙ্গে রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন, মুখ্যমন্ত্রীর ডাকা বৈঠকে ধর্মীয় প্রতিনিধিদের পাশাপাশি বিশিষ্ট বুদ্ধিজীবীরাও থাকবেন।

*******************

সুপ্রিম কোর্টের রায়ে শিক্ষকদের চাকরি হারানো ও তার পরবর্তী ঘটনা প্রবাহে বেকায়দায় পড়া রাজ্য সরকার, ওই ইস্যু থেকে নজর ঘোরাতে সংশোধিত ওয়াকফ আইনের বিরুদ্ধে প্রতিবাদকে হাতিয়ার করছে বলে বিরোধী বিজেপি অভিযোগ করেছে। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, মুর্শিদাবাদের জঙ্গিপুর থেকে আন্দোলনের নামে এই হামলাবাজি শুরু হয়েছে। সরকারের প্রচ্ছন্ন মদত এবং প্রশাসনের নিষ্ক্রিয়তায় এক অসহনীয় পরিস্থিতি সৃষ্টি হয়েছে বলে বিরোধী দলনেতা অভিযোগ করেন। রাজ্য সরকার পরিস্থিতি সামাল দিতে না পারলে যাতে কেন্দ্রীয় বাহিনীর সহায়তা নেয় তিনি সেই দাবিও তুলেছেন। এই পরিস্থিতিতে সকলকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান শ্রী অধিকারী।

(বাইট- শুভেন্দু)

এদিকে, প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেন, প্রসাসন সব জানা সত্ত্বেরো নিষ্ক্রিয় হয়ে রয়েছে। সমাজে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার পক্ষেও সওয়াল করেন তিনি।

(বাইট- অধীর)

*******************

মালদার মোথাবাড়িতে সমাজ বিরোধীদের হামলায় সাম্প্রতিক হিংসার প্রতিবাদে আজ বিজেপি নেতা দিলীপ ঘোষ, জেলাশাসকের দপ্তর ঘেরাও অভিযান করে। মোথাবাড়ির পাশাপাশি চাকরী দুর্নিতী নিয়ে মুখ্যমন্ত্রীর ভূমিকার তীব্র সমালোচনা করেন তিনি। DM অফিসে ঢোকার মুখে পুলিশ বাধা দিলে দিলীপববাবু জানান, প্রশাসনিক ব্যর্থতার কারণেই রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে।

*******************

রেড রোডে, হনুমান জয়ন্তী পালনের জন্য হিন্দু সেবাদল সংগঠনের আবেদন, কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আজ শুনানির পর তা' খারিজ করে দেন। এই রায় চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে আবেদন জানানো হলে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি চৈতালি দাস সিঙ্গল বেঞ্চের নির্দেশ'ই বহাল রাখেন। তবে, শহীদ মিনার বা রানী রাসমণি অ্যাভেনিউতে ওই সংগঠন নিজেদের অনুষ্ঠান করতে পারবে বলে ডিভিশন বেঞ্চ জানিয়েছে।

এদিকে, বিজেপি আগামীকাল সর্বসাধারণের সার্বিক অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বান জানিয়েছে।

*******************

তথ্য ও সম্প্রচার মন্ত্রক আয়োজিত XR Creator Hackathon এ বিজয়ী হয়েছে আইআইটি খড়্গপুর। Dr কৌশল কুমার ভগৎ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর Advance Technology Development Centre আকাশবাণী কে জানিয়েছেন আইআইটি খড়্গপুর - র তিন সদস্যের দল বিজ্ঞান ক্ষেত্রে পরীক্ষা নিরীক্ষা সংক্রান্ত প্রয়োগের জন্য ভার্চুয়াল রিয়েলিটির সাহায্যে নতুন প্ল্যাটফর্ম তৈরি করেছে। XR Runners নামক বিজয়ী দলের মূল ভাবনা ছিল শিক্ষামূলক পরিবর্তন।

(বাইট- কৌশল)

*******************

প্রয়াত রাজ্যের প্রাক্তন মন্ত্রী আব্দুর রেজ্জাক মোল্লা। বয়স হয়েছিল ৮০। দীর্ঘদিন ধরেই তিনি অসুস্থ ছিলেন। আজ বেলা বারোটা নাগাদ ভাঙ্গড়ের বাগড়ি গ্রামের বাড়িতে তাঁর মৃত্যু হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তাঁর প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন।

রাজ্য সরকারের পক্ষ থেকে আজ অর্ধ দিবস ছুটি ঘোষণা করা হয়।

*******************

চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে আজ আইপিএলের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হয়েছে। টসে জিতে চেন্নাইকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে কলকাতা।

শেষ খবর পাওয়া পর্যন্ত চেন্নাই সুপার কিংস ৫ ওভারে দুই উইকেট হারিয়ে ১৮ রান করেছে।

*******************

মোহনবাগান সুপার জায়ান্ট আগামীকাল ISL ফুটবলের ফাইনালে ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। এবারের ISL-এ লিগ শিল্ড জয়ী মোহনবাগান সেমিফাইনালে জামশেদপুর এফসি এবং ব্যাঙ্গালুরু এফসি, এফসি গোয়াকে হারিয়ে ফাইনালে উঠেছে।

*************************************************************************